গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
শাখা- ২

প্রজ্ঞাপন
তারিখ, ১১ শ্রাবণ ১৪১৩/২৬ জুলাই ২০০৬

# বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনাবাসী বাংলাদেশী) নির্বাচন নীতিমালা, ২০০৬

নং প্রকবৈকম-০২/০০০৪(৩)২০০২/৫৩৬- যেহেতু বাংলাদেশের বৈদেশিক মুদ্রা রিজার্ভের একটি উলে- খযোগ্য অংশ অনাবাসী বাংলাদেশের প্রেরিত অর্থ হইতে অর্জিত হয়; এবং

যেহেত্র দেশের অর্থনীতিতে তাঁহাদের এই গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ সরকার প্রতিবৎসর অনাবাসী বাংলাদেশের মধ্যে হইতে গুরুত্বপূর্ণ অনাবাসী বাংলাদেশীগণকে (Important Non Resident Bangladeshi) বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনাবাসী বাংলাদেশী) নির্বাচনের সিদ্ধান্ড়গ্রহণ করিয়াছে ঃ-

সেহেতু উক্ত উদ্দেশ্য পূরণকল্পে সরকার এতদ্দ্বারা নিম্নরূপ নীতিমালা (Policy) প্রণয়ন করিল যথা ঃ-

১। শিরোনাম।-এই নীতিমালা বাণির্জিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনাবাসী বাংলাদেশ) নির্বাচন নীতিমালা, ২০০৬ নামে অভিহিত হইবে।

২। বাণির্জিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনাবাসী বাংলাদেশ) এর শ্রেণীবিন্যাস সংখ্যা।- বাণির্জিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনাবাসী বাংলাদেশ) অতঃপর সিআইপি(এনআরবি) বলিয়া উলি- খিত, নির্বাচনের শ্রেণীবিন্যাস ও সংখ্যা হইবে নিম্নরূপ, যথাঃ-

| ক্রমিক নং | নির্বাচনের শ্রেণীবিন্যাস | সংখ্যা |
|---|---|---|
| (১) | বাংলাদেশে শিল্পক্ষেত্রে সরাসরি বিনিয়োগকারী অনাবাসী বাংলাদেশী। | সর্বোচ্চ ১০ জন |
| (২) | বাংলাদেশে বৈধ চ্যানেলে সর্বাধিক বৈদেশিক মুদ্রা প্রেরণকারী অনাবাসী, বাংলাদেশী। | সর্বোচ্চ ১০ জন |
| (৩) | বিদেশে বাংলাদেশী পণ্যের আমদানীকারক অনাবাসী, বাংলাদেশী। | সর্বোচ্চ ০৫ জন |
| | | সর্বমোট ২৫ জন |

৩। সিআইপি (এনআরবি) [শিল্পখাতে বিনিয়োগকারী] নির্বাচনের যোগ্যতা।— সিআইপি (এনআরবি) [শিল্পখাতে বিনিয়োগকারী] নির্বাচনের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্ণায়কগুলি বিদেচনা করা হইবে, যথা ঃ-

(১) একটি ক্যালেন্ডার বৎসরের জন্য পূর্ববর্তী অর্থবৎসরে অনাবাসী বাংলাদেশী কর্তৃক বাংলাদেশের শিল্পখাতে বিনিয়োগের পরিমাণ;

(২) শিল্পখাতে মূলধন হিসাবে ৫(পাঁচ) লক্ষ মার্কিন ডলার সমপরিমাণ বা তদুদ্ধ পরিমাণ বৈদেশিক মুদ্রা বিনিয়োগ; এবং

(৩) শিল্প প্রতিষ্ঠানটি বাস্ড়বায়নাধীন হইলে যন্ত্রপাতি প্রেরণের প্রমাণপত্র যেমন- বিল অব ল্যাডিং বিল অব এন্ট্রি, লেটার অব ক্রেডিট ইত্যাদিতে উলে- খিত বৈদেশিক মুদ্রার লেনদেনের পরিমাণ ।

৪। **সিআইপি (এনআরবি)** [বৈদেশিক মুদ্রা প্রেরণকারী] নির্বাচনের যোগ্যতা ।— সিআইপি (এনআরবি) [বৈদেশিক মুদ্রা প্রেরণকারী} নির্বাচনের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্ণায়কগুলো বিবেচনা করা হইবে, যথা ঃ-

(১) একটি ক্যালেন্ডার বৎসরের জন্য পূর্ববর্তী অর্থবৎসরে বাংলাদেশে ব্যাংকিং চ্যানেলে একটি নির্দিষ্ট একাউন্টে প্রেরিত অপ্রতআবাসনযোগ্য বৈদেশিক মুদ্রার পরিমাণ; এবং

(২) অপ্রত্যাবাসনযোগ্য ন্যূনতম ১,৫০,০০০(এক লক্ষ পঞ্চাশ হাজার) মার্কিন ডলার সমপরিমাণ বৈদেশিক মুদ্রা বৈধ ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে বাংলাদেশে প্রেরণ।

৫। **সিআইপি (এনআরবি) [আমদানীকারক] নির্বাচন যোগ্যতা ।-** সিআইপি (এনআরবি) [আমদানীকারক] নির্বাচনের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্ণায়কগুলি বিবেচনা করা হইবে, যথা ঃ-

(১) একটি ক্যালেন্ডার বৎসরের জন্য পূর্ববর্তী অর্থবৎসবে উক্ত অনাবাসী বাংলাদেশী কর্তৃক বাংলাদেশ হইতে কি পরিমাণ অর্থের পণ্য আমদানি করা হইয়াছে উহার পরিমাণ।

(২) বিবেচ্য বৎসরে ন্যূনতম ৫,০০,০০০(পাঁচ লক্ষ) মার্কিন ডলার সমপরিমাণ বৈদেশিক মুদ্রার Free on Board (FOB) বাংলাদেশী পণ্য আমদানী করিতে হইবে।

(৩) পিআরসি (Proceeds Realisation Certificate) এর মাধ্যমে আমদানির পরিমাণ; এবং

(৪) অধিক মূল্য সংযোজন সম্পন্ন পণ্য (Higher Value Added Product) ও পণ্য আমাদানিকারককে অগ্রাধিকার প্রদান।

৬। সিআইপি (এনআরবি) নির্বাচনের অযোগ্যতা ।— নিম্নবর্ণিত ক্ষেত্রে কোন ব্যক্তি সিআইপি (এনআরবি) হিসাবে নির্বাতি হইবার অযোগ্য বলিয়া বিবেচিত হইবেন, যথা ঃ-

(১) সিআইপি(এনআরবি) হিসাব নির্বাচিত হইবার জন্য আবেদনকারী দেশে অথবা বিদেশে ঋণখেলাপী কিংবা কর খেলাপী হইলে; অথবা

(২) বৈদেশি ক্রেতার সঙ্গে বাণিজ্য বিরোধ (উলে- খ্য বাণিজ্য বিরোধ সংক্রান্ড় তথ্য বাণিজ্য মন্ত্রণালয় সরবরাহ করিবে) থাকিলে এবং আবেদনকারী উক্ত বিরোধ সমাধানে আগ্রহী না হইলে বা দীর্ঘসূত্রতার পন্থা অবলম্বন করিলে; অথবা

(৩) আবেদনকারী আদালত কর্তৃক সাজাপ্রাপ্ত হইলে এবং সাজা ভোগ করিবার পর পাঁচ বৎসর সময় অতিবাহিত না হইলে কিংবা অন্য কোন কারণে অবাঞ্ছিত ব্যক্তি বিবেচিত হইলে; অথবা

(৪) সিআইপি(এনআরবি) হিসাবে নির্বাচিত হইবার জন্য আবেদনকারী ভুল তথ্য প্রদান করিলে এবং যদি উক্ত ভুল প্রমাণিত হয় তাহা হইলে কোন ব্যক্তি সিআইপি (এনআরবি) হিসাবে নির্বাচিত হইয়া থাকিলেও তিনি অযোগ্য বলিয়া বিবেচিত হইবেন এবং এ ছাড়াও তিনি অবিষ্যতে সিআইপি(এনআরবি) হিসাবে নির্বাচিত হইবার জন্য আবেদন করিতে পরিবেন না।

৭। সিআইপি (এনআরবি) নির্বাচনের প্রক্রিয়া ।— সিআইপি(এনআরবি) নির্বাচন প্রক্রিয়া প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক গঠিত কমিটির মাধ্যমে সম্পন্ন করা হইবে।

৮। সিআইপি (এনআরবি) নির্বাচনের বিজ্ঞাপন প্রকাশ ।— (১) বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ এবং বাংলাদেশের জাতীয় দৈনিক পত্রিকা বিজ্ঞাপন প্রকাশের মাধ্যমে সিআইপি (এনআরবি) নির্বাচনের জন্য আবেদনপত্র আহবান করিতে হইবে।

(২) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের উদ্যোগে উক্ত বিজ্ঞাপন প্রকাশ করা হইবে।

৯। সিআইপি(এনআরবি) নির্বাচিত হইবার জন্য আবেদন ।— ৩, ৪ এবং ৫নং অনুচ্ছেদে বর্ণিত সিআইপি(এনআরবি) [শিল্পখাতে বিনিয়োগকারী/বৈদেশিক মুদ্রা প্রেরণকারী/আমদানীকারক] নির্বাচিত হইবার জন্য প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক ফরমে আবেদন করিতে হইবে।

১০। সিআইপি (এনআরবি) নির্বাচন ক্যালেন্ডার ।— নিম্নবর্ণিত ক্যালেন্ডা মোতাবেক সিআইপি(এনআরবি) প্রক্রিয়া সম্পন্ন করা হইবে ঃ

| ক্রমিক নং | কাজের বিবরণ | সময়সূচী |
|---|---|---|
| (১) | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক বিজ্ঞপ্তি প্রচার, দরখাস্ড় আহবান ও গ্রহণ | ১ আগষ্ট হইতে ৩১ আগষ্ট |
| (২) | বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঋণখেলাপী ও হুন্ডি সংক্রান্ড় এবং বাণিজ্য মন্ত্রণালয় ও সংশি- ষ্ট সংস্থা হইতে বাণিজ্য বিরোধ সংক্রান্ড় অভিযোগ সম্পর্কে তথ্য সংগ্রহ। | ১ সেপ্টেম্বর হইতে ১৫ সেপ্টেম্বর |
| (৩) | বাছাই কমিটি কর্তৃক বাছাই প্রত্রিয়া সম্পননকরণ এবং সিআইপি (এনআরবি) এর তালিকা সম্পর্কে ছাড়পত্র/ মতামতের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয, অভ্যন্ড়রীণ সম্পদ বিভাগ ও সংশি- ষ্ট বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে মতামতের জন্য প্রেরণ। | ১৬ সেপ্টেম্বর হইতে ৩০ সেপ্টেম্বর |
| (৪) | স্বরাষ্ট্র মন্ত্রণালয়, অভ্যন্ড়রীণ সম্পদ বিভাগ ও সংশি ষ্ট বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ হইতে ছাড়পত্র/ মতামত, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে প্রেরণ। | ১ অক্টোবর হইতে ৩১ অক্টোবর |
| (৫) | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক নির্বাচন প্রক্রিয়া চূড়ান্ড়করণ এবং মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ। | ১ নভেম্বর হইতে ১৫ নভেম্বর |
| (৬) | সিআইপি(এনআরবি) হিসেবে পরবর্তী বছরের জন্য ঘোষণা | ১৬ নভেম্বর হইতে ১৫ ডিসেম্বর |

| | | |
|---|---|---|
| | প্রদান। | |

১১। নির্বাচিত সিআইপি (এনআরবি) এর তালিকার প্রজ্ঞাপন প্রকাশ ।— (১) নির্বাচিত সিআইপি (এনআরবি) এর তালিকা প্রজ্ঞাপন জারীর মাধ্যমে প্রকাশ করা হইবে।

(২) নির্বাচিত সিআইপি (এনআরবি) এর সুযোগ-সুবিধা সংশি- ষ্ট ক্যালেন্ডার বৎসরের জন্য কার্যকর থাকিবে।

(৩) তবে কোন কারণে বিলম্ব হইলে প্রয়োজনে নির্বাচিত সিআইপি(এনআরবি)-কে প্রদেয় সুযোগ-সুবিধার মেয়াদ প্রজ্ঞাপন জারীর তারিখ হইতে এক বৎসরের জন্য বলবৎ করা যাইতে পারে।

১২। সিআইপি (এনআরবি) নির্বাচনের অন্যান্য বিষয় ।— (১) সিআইপি (এনআরবি) এর সুযোগ-সুবিধা শুধুমাত্র একটি ক্যালেন্ডার বৎসরের জন্য বলবৎ থাকিবে।

(২) সিআইপি (এনআরবি) এর নির্বাচনের তালিকা চূড়ান্ড় করার পর স্বরাষ্ট্র মন্ত্রণালয়, অভ্যন্ড়রীণ সম্পদ বিভাগ ও বিদেশস্থ মিশনসমূহ হইতে ছাড়পত্র/মতামত গ্রহণ করিতে হইবে এবং এক মাসের মধ্যে উক্ত ছাড়পত্র/মতামত প্রদান না করা হইলে সংশি- ষ্ট সিআইপি হইবার জন্য আবেদনকারীর বিরুদ্ধে কোন অভিযোগ নাই বলিয়া গণ্য করা হইবে।

(৩) কোন ব্যক্তি একই সাথে সিআইপি (এনআরবি)/শিল্প বিনিয়োগকারী বৈদেশিক মুদ্রা প্রেরণকারী/আমদানীকারক] নির্বাচিত হইয়া থাকিলে তাঁহার ইচ্ছা অনুযায়ী তিনি যে কোন একটির জন্য নির্বাচিত হইবেন।

(৪) সিআইপি (এনআরবি) এর পরিচয়পত্রের মেয়াদ উত্তীর্ণ হইবার পর এক সপ্তাহের মধ্যে উহা সংশি- ষ্ট মন্ত্রণালয়ে জমা দিতে হইবে।

১৩। নির্বাচিত সিআইপি (এনআরবি) এর প্রাপ্য সুযোগ-সুবিধা ।— (১) নির্বাচিত সিআইপি (এনআরবি)-গণকে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় হইতে সরকার অনুমোদি পরিচয়পত্র প্রদান করা হইবে।

(২) সিআইপি (এনআরবি) তাঁহাদের পরিচয়পত্রের মেয়াদকালীন সময়ে বাংলাদেশ সচিবালয়ে প্রবেশের জন্য প্রবেশপত্র পাইবেন।

(৩) সিআইপি (এনআরবি) সরকার কর্তৃক নিয়োজিত সংশি- ষ্ট বিষয়ক নীতি নির্ধারণী কমিটিতে সদস্য হিসেবে অন্ড়র্ভূক্ত হইবার ক্ষেত্রে যোগ্য বলিয়া বিবেচিত হইতে পারিবেন।

(৪) দেশে ও বিদেশে উচ্চপদস্থ কর্মকর্তাদের সংগে বৈঠকে সিআইপি (এনআরবি)-গণ অগ্রাধিকার পাইবেন।

(৫) সিআইপি (এনআরবি) বিজয় দিবস, স্বাধীনতা ও জাতীয় দিবস, ঈদ-উল-ফিতর, ঈদ-উল- আযহা, একুশে ফেব্রুয়ারী শহীদ দিবস ও আন্ডর্জাতিক মাতৃভাষা দিবস ইত্যাদি গুরুত্বপূর্ণ দিবস উপলক্ষে বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে আমন্ত্রিত হইবেন।

(৬) ব্যবসা সংক্রান্ড় ভ্রমণে বিমান, রেল, সড়ক ও জলযানে আসন সংরক্ষণের ক্ষেত্রে সিআইপি (এনআরবি)-গণ অগ্রাধিকার পাইবেন।

(৭) সিআইপি (এনআরবি) তাঁহাদের স্ত্রী, পুত্র, কন্যা ও নিজের চিকিৎসার জন্য সরকারী হাসপাতাল কেবিন সুবিধা প্রাপ্তিতে অগ্রাধিকার পাইবেন।

(৮) সিআইপি (এনআরবি) বাংলাদেশ বিনিয়োগ করিলে বিদেশী বিনিয়োগকারীদের অনুরূপ সুযোগ-সুবিধা পাইবেন এবং তাঁহাদের বিনিয়োগ Foreign Private Investment (Promotion and Protection) Act, 1980 (Act No. XI of 1980) এর বিধান অনুসারে সংরক্ষণ করা হইবে।

(৯) সিআইপি (এনআরবি) বিমান বন্দরে ভিআইপি লাউঞ্জ- ২ ব্যবহার এবর স্পেশাল হ্যান্ডলিং- এর সুবিধা পাইবেন।

১৪। সিআইপি (এনআরবি) সম্পর্কিত সুযোগ-সুবিধা প্রত্যাহার।- সরকার সরকারী গেজেটে প্রজ্ঞাপন জারীর মাধ্যমে, কোন কারণ প্রদর্শন ব্যতীত, কোন ব্যক্তিকে প্রদত্ত সিআইপি (এনআরবি) সুযোগ-সুবিধা প্রত্যাহার করিতে পারিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আশফাক হামিদ
সচিব